গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-২ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর প্রস্তাবিত “ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটি’র সভার কাযবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ০৬/০৬/২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.৩০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করলে যুগ্মসচিব (পরিকল্পনা-১ অধিশাখা) আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। উপস্থাপনা: সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, দেশব্যাপি ফায়ার সেবা সম্প্রসারণের অংশ হিসেবে ঢাকা বিভাগের ১২টি জেলার ৪৬টি স্থানে ৩০৩৬৮৯.৬৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে “ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রকল্প দলিল প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর উদ্যোগে জন শৃঙ্খলা ও সুরক্ষা সেক্টরের আওতায় ফেব্রুয়ারি ২০২৩ থেকে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। তিনি আরো উল্লেখ করেন যে, প্রকল্প এলাকায় প্রাকৃতিক ও মানবসৃষ্ট যেকোনো দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদান নিশ্চিত করাসহ দুর্যোগে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি সীমিত রাখা এ প্রকল্পের উদ্দেশ্য। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকা বিভাগের ১২টি জেলার ৪৬টি গুরুত্বপূর্ণ এলাকার মানুষের দোরগোড়ায় ফায়ার সার্ভিসের সেবা পৌছে যাবে। যুগ্মসচিব আরো জানান যে, এ পর্যন্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের এ প্রকল্পটিসহ মোট ৪টি প্রকল্পের যাচাই-বাছাই করা হয়েছে। এ ৪টি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৫৮৮৬.১৪ কোটি টাকা এবং এ প্রকল্পগুলোর প্রথম অর্থ বছরের চাহিদাকৃত বরাদ্দ ১১৩১.০৪ কোটি টাকা। কিন্তু সুরক্ষা সেবা বিভাগের ২০২৩-২৪ অর্থ ভছরে উন্নয়ন বাজেটে মোট প্রাক্কলিত ব্যয় ১৫৪২.৩২ কোটি টাকা। এ অর্থ বছরে ১১ টি প্রকল্প চলামান রয়েছে। সুরক্ষা সেবা বিভাগে ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের চেয়ে বেশি অর্থের প্রয়োজন হবে। সভাপতি এ বিভাগের অনুকূলে এমটিবিএফ সিলিং বাড়ানোর জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগের নির্দেশনা প্রদান করেন।

০৩। আলোচনা: মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর আলোচনায় অংশ নিয়ে তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, প্রকল্পভুক্ত এলাকাসমূহের জনবসতি, নগরায়ন, শিল্পায়ন ও দুর্যোগ ঝুঁকি বিবেচনায় স্থাপিত ফায়ার স্টেশনসমূহকে যথাক্রমে ‘বিশেষ শ্রেণি’ ‘এ’ ও ‘বি’ এ তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। প্রকল্প এলাকা নির্বাচন ও ক্যাটাগরি

নির্ধারণের যৌক্তিকতা সম্পর্কিত কোন তথ্য প্রস্তাবিত ডিপিপিতে সন্নিবেশিত আছে কিনা এ সম্পর্কিত সভাপতির জিজ্ঞাসায় মহাপরিচালক জানান যে, ফায়ার স্টেশন নীতিমালা ২০২১ এ বর্ণিত স্টেশন স্থাপন সম্পর্কিত গাইডলাইন অনুসরণে এ ডিপিপিতে ফায়ার স্টেশনের ক্যাটাগরি ও এলাকা নির্বাচন করা হয়েছে।

০৪। এ প্রকল্পের বাস্তবায়নকাল ফেব্রুয়ারি ২০২৩ থেকে হতে জুন ২০২৬ এর পরিবর্তে জুলাই'২০২৩ থেকে জুন' ২০২৭ পর্যন্ত নির্ধারণ করা যথাযথ হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। সভাপতির প্রশ্নের জবাবে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভায় অবহিত করেন যে, 'এ' ও 'বি' শ্রেণির স্টেশনের জমির পরিমান ১ একর এবং বিশেষ শ্রেণির স্টেশনের ক্ষেত্রে জমির পরিমান ১.৫ একর নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। প্রতিটি ফায়ার স্টেশনে প্রশিক্ষণ এলাকা, পিটি প্যারেড ও জলাধারের সংস্থানের নিমিত্ত ন্যূনতম ১.০০ একর এবং অর্থনৈতিক অঞ্চলসমূহে অবস্থিত প্রতিটি ফায়ার স্টেশনের জন্য ন্যূনতম ২.০০ একর জমির সংস্থান রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৫। এ প্রকল্পের ব্যয় প্রাক্কলনের ভিত্তি সম্পর্কে সভাপতি জানতে চান। জবাবে মহাপরিচালক ফায়ার সার্ভিস অধিদপ্তর সভায় জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর সম্মিলিতভাবে প্রকল্পের ব্যয় প্রাক্কলন প্রস্তুত করেছে। সভাপতি এর জিজ্ঞাসায় গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ২০২২ সালের রেট সিডিউল অনুযায়ী এ প্রকল্পের অধীনে সম্পাদিত পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি আরো বলেন যে, সম্প্রতি ২০২৩ সালের রেট সিডিউল অনুমোদিত হয়েছে। এ কারণে পূর্ত কাজের ব্যয় কিছুটা বৃদ্ধি পাবে।

০৬। সভাপতি প্রকল্প অফিসের জনবল কাঠামো সম্পর্কে জানতে চাইলে মহাপরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্প অফিসের জন্য ০১ জন প্রকল্প পরিচালক, ০১ জন হিসাব রক্ষক, ০১ জন অফিস সহকারী, ০১ জন ড্রাইভার এবং ০১ জন অফিস সহায়ক পদের সংস্থানের প্রস্তাব করা হয়েছে। সভাপতি প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে উল্লিখিত পদের সাথে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে একজন উপপরিচালক/সহকারী পরিচালককে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রকল্পে দায়িত্ব পালনের জন্য প্রকল্পে অন্তর্ভুক্তের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে মহাপরিচালক প্রস্তাব করেন যে, এ অধিদপ্তরে উপ-পরিচালকের পদ সংখ্যা মাত্র ১৩ জন। উপ-পরিচালকগণকে অধিকাংশ সময় অপারেশনাল কাজে ব্যস্ত থাকতে হয়। এ কারণে উপ-পরিচালকের পরিবর্তে একজন সহকারী পরিচালককে প্রকল্প বাস্তবায়নে অতিরিক্ত দায়িত্ব দেয়া যেতে পারে, সভাপতি এ প্রস্তাব সমর্থন করেন। পাশাপাশি তিনি প্রকল্প বাস্তবায়নাত্তোর প্রতিটি ফায়ার স্টেশনের জন্য অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদটি জনবল কাঠামো থেকে বাদ দেয়ার পরামর্শ প্রদান করেন।

০৭। ৪৬টি ফায়ার স্টেশনের জন্য জমি নির্বাচন করা হয়েছে কিনা এ বিষয়ে সভাপতির জিজ্ঞাসায় মহপারিচালক সভায় অবহিত করেন যে, ৪৬টি স্টেশনের জন্য প্রাথমিকভাবে জমি নির্বাচন করা হয়েছে। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, নরসিংদী জেলার মনোহরদী উপজেলাটি আয়তনে বেশ বড়। এখানে অনেক শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এ কারণে মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়নের বীরগাঁও বাজারে একটি ফায়ার স্টেশন স্থাপন করা যেতে পারে। এ বিষয়ে মহাপরিচালক একমত পোষন করেন।

০৮। আলোচনায় অংশ নিয়ে সহকারী পরিচালক (পরিকল্পনা) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর উল্লেখ করেন যে, সভাপতি মহোদয়ের সদয় নির্দেশনা অনুযায়ী এ প্রকল্প থেকে ২টি উপজেলা যথাক্রমে নবাবগঞ্জ-ঢাকা এবং ডাসার-মাদারীপুর প্রস্তাবিত দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৭টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পে স্থানান্তর করা হয়েছে। এছাড়া, যেহেতু এ প্রকল্পে অন্তর্ভুক্ত নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার অর্থনৈতিক অঞ্চল ফায়ার স্টেশনটির অবকাঠামো নির্মাণ এবং সাজসরঞ্জাম বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অর্থায়নে সংগৃহীত হবে, সে কারণে আড়াইহাজার অর্থনৈতিক অঞ্চল ফায়ার স্টেশনটি এ প্রকল্প থেকে বাদ দিয়ে তদস্থলে ৩টি পুরাতন জরাজীর্ণ ফায়ার স্টেশন যথাক্রমে ডেমরা, ঢাকা; টঙ্গি, গাজীপুর ও জয়দেবপুর, গাজীপুর পুন:নির্মাণ এ প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে। এ প্রকল্পে

নতুন ৩টি স্টেশনসহ ৩টি স্টেশন পুনর্নির্মাণ অন্তর্ভুক্ত করে প্রকল্পের নাম সংশোধন করে "ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৭টি (৪৪টি নতুন ও ০৩টি ফায়ার স্টেশন পুন:নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্প করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৯। ৪৬টি ফায়ার স্টেশনের ডিজাইন প্রস্তুত সম্পর্কে সভাপতির প্রশ্নের উত্তরে স্থাপত্য অধিদপ্তরের সহকারী প্রধান স্থপতি জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর চাহিদা অনুযায়ী বিভিন্ন টাইপ ডিজাইন স্টেশনসমূহের স্থাপত্য নকশায় কিছু পরিবর্তন এনে নকশায় ফিমেল ব্যারাক ও প্রশিক্ষণ টাওয়ারসহ বিভিন্ন সেন্ট্রি পোস্ট অন্তর্ভুক্ত করা হয়েছে।

১০। আলোচনায় অংশ নিয়ে যুগ্মসচিব (পরিকল্পনা) অভিমত ব্যক্ত করেন যে, ক্রয় পদ্ধতিতে প্যাকেজ-১৫, ফায়ার ফ্লোট, প্যাকেজ -১৬ (পল্টুন ও জেটি), প্যাকেজ ৬৩ (আসবাবপত্র) এবং (প্যাকেজ ৬৫) (পরিদর্শন জীপ) সংগ্রহের ক্ষেত্রে প্রকল্প দলিলে সরাসরি ক্রয় পদ্ধতি উল্লেখ রয়েছে, বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন। এ বিষয়ে মহাপরিচালক অবহিত করেন যে, উল্লিখিত সরঞ্জাম ও আসবাবপত্র পিপিআর ৭৬(ছ) ধারা অনুযায়ী রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা হবে এ কারণে সরাসরি ক্রয় পদ্ধতিতে উল্লিখিত সরঞ্জাম সংগ্রহের সংস্থান রাখা হয়েছে। সভাপতি বলেন যে, যে সকল সরঞ্জাম রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত হয় সে সকল সরঞ্জাম ক্রয়ের ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি উল্লেখ করা সমীচীন হবে।

**১১। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:**

(ক) অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে এমটিবিএফ সিলিং বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;

(খ) এ প্রকল্পের নাম হবে "ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৭টি (৪৪টি নতুন ও ০৩টি ফায়ার স্টেশন পুন:নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্প;

(গ) প্রকল্পের বাস্তবায়নকাল হবে জুলাই' ২০২৩ থেকে জুন' ২০২৭ পর্যন্ত;

(ঘ) প্রকল্প দলিলে সংস্থানকৃত ৩টি ফায়ার স্টেশন যথাক্রমে নবাবগঞ্জ, ঢাকা; আড়াইহাজার, নারায়ণগঞ্জ ও ডাসার, মাদারীপুর এ প্রকল্প থেকে বাদ দিয়ে তদস্থলে ৩টি জরাজীর্ণ ফায়ার স্টেশন যথাক্রমে ডেমরা, ঢাকা; টঙ্গি, গাজীপুর ও জয়দেবপুর, গাজীপুর পুন:নির্মাণের নিমিত্তে প্রকল্পে অন্তর্ভুক্ত হবে;


(ঙ) নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়নের বীরগাঁও বাজারে নতুন ০১টি ফায়ার স্টেশন নির্মাণ এ প্রকল্পে অন্তর্ভুক্ত হবে;

(চ) জনবল কাঠামো থেকে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদটি বাদ দিতে হবে;

(ছ) প্রকল্প বাস্তবায়ন কাঠামোতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর একজন সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অন্তর্ভুক্ত হবে;

(জ) নির্মিতব্য সকল ফায়ার স্টেশনের জন্য জমির পরিমান ন্যূনতম ১.০০ একর এবং অর্থনৈতিক অঞ্চলসমূহে স্থাপিতব্য বিশেষ শ্রেণির ফায়ার স্টেশনের জন্য ২.০০ একর জমির সংস্থান রাখতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৩.২৩.১৭৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০
০৩ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
৫) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৭) পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
১১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন
উপসচিব